بسم الله الرحمن الرحيم

রাষ্ট্রপতি


রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
বঙ্গভবন, ঢাকা।


৩১ আষাঢ় ১৪৩৩
১৫ জুলাই ২০২৬

# বাণী

জাতিসংঘের আহ্বানে বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও 'বিশ্ব যুব দক্ষতা দিবস ২০২৬' পালনের উদ্যোগকে আমি স্বাগত জানাই। এই উপলক্ষ্যে আমি দেশের সকল তরুণ-তরুণী, শিক্ষক, প্রশিক্ষক, উদ্যোক্তা, উদ্ভাবক এবং দক্ষতা উন্নয়নের সাথে সংশ্লিষ্ট সকলকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

যুবসমাজ একটি জাতির আশা-আকাঙ্ক্ষার প্রতীক, উন্নয়ন ও অগ্রগতির প্রধান চালিকাশক্তি। একটি উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ গড়তে যুবসমাজকে যুগোপযোগী জ্ঞান-বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তিগত শিক্ষা এবং প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে ভবিষ্যৎ কর্মক্ষেত্রের জন্য উপযুক্ত করে গড়ে তোলার কোনো বিকল্প নেই।

চতুর্থ শিল্পবিপ্লবের এই যুগে কৃত্রিম বুদ্ধিমত্তা এবং নতুন নতুন জ্ঞান ও প্রযুক্তি উদ্ভাবনের ফলে বৈশ্বিক শ্রমবাজার প্রতিনিয়ত পরিবর্তিত হচ্ছে। পরিবর্তিত প্রেক্ষাপটে ই-কমার্স, ক্লাউড কম্পিউটিং, রোবোটিক্স, ব্লকচেইন, ইন্টারনেট অব থিংস (আইওটি), সাইবার সিকিউরিটি, আর্টিফিসিয়াল ইন্টিলিজেন্স, ন্যানো প্রযুক্তিসহ ডিজিটাল প্রযুক্তির সকল খাতে দক্ষ জনশক্তি গড়ে তোলা এখন সময়ের দাবী। এ সকল প্রযুক্তিগত জ্ঞান ও প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে তরুণ প্রজন্মকে দেশ ও বিদেশের শ্রমবাজার উপযোগী দক্ষ কর্মী, উদ্যোক্তা ও উদ্ভাবক হিসেবে গড়ে তুলতে হবে।

বর্তমান উন্নয়নমুখী সরকার তরুণ ও যুবসমাজের দক্ষতা উন্নয়নে অগ্রাধিকার ভিত্তিতে নানান কর্মসূচি গ্রহণ করেছে। জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের (এনএসডিএ) মাধ্যমে তরুণ ও যুবদের দক্ষতা ও প্রশিক্ষণ কার্যক্রমকে সমন্বিত, মানসম্মত ও ভবিষ্যতমুখী কাঠামোর আওতায় আনা হচ্ছে। কারিকুলাম প্রণয়ন, প্রশিক্ষণ প্রতিষ্ঠানের নিবন্ধন, জাতীয় দক্ষতা সনদ প্রদান, মানোন্নয়ন ও মান তদারকি ব্যবস্থাকে করা হচ্ছে আরো শক্তিশালী ও যুগোপযোগী। আমি আশা করি, যুব সমাজের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের সম্প্রসারণ, আন্তর্জাতিক মানসম্পন্ন সনদায়নসহ সরকারের নেয়া উদ্যোগগুলো দেশ-বিদেশের শ্রমবাজারের উপযোগী মানবসম্পদ ও উদ্যোক্তা তৈরিতে কাঙ্ক্ষিত অবদান রাখতে সক্ষম হবে।

আসুন, দক্ষতা উন্নয়ন সংশ্লিষ্ট সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান, উন্নয়ন সহযোগী এবং শিল্প-বাণিজ্যসহ সকল খাতের অংশীজনের সমন্বিত প্রচেষ্টায় আমরা একটি দক্ষতাভিত্তিক কর্মসংস্কৃতি গড়ে তুলি। তরুণ সমাজকে দক্ষতা অর্জনে উদ্বুদ্ধ করি। সবাই মিলে একসাথে গড়ে তুলি দক্ষ যুবসমাজ—আগামীর বাংলাদেশ।

আমি বিশ্ব যুব দক্ষতা দিবস ২০২৬ উপলক্ষ্যে গৃহীত সকল কর্মসূচির সাফল্য কামনা করি।

মোঃ সাহাবুদ্দিন